দৈনিক সংবাদ

তারিখ ... 14 NOV 1988
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

118

# শিক্ষকের অভাবে লেখাপড়া বিঘ্নিত

মুন্সীগঞ্জ, ১১ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।— প্রয়োজনীয় শিক্ষকের অভাবে মুন্সীগঞ্জ সরকারী উচ্চ বিদ্যালয়ের ছাত্রদের লেখাপড়া মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

বিদ্যালয়টিতে মোট ২৪জন শিক্ষকের পদ থাকলেও বর্তমানে কর্মরত আছেন ১৩ জন শিক্ষক-শিক্ষিকা। দীর্ঘদিন ধরে ১১জন শিক্ষকের পদ শূন্য পড়ে আছে। এছাড়া খেলাধূলার একজন মাত্র শিক্ষক ছিলেন। তাকে সংপ্রতি অন্যত্র বদলি করে নেয়া হয়েছে।

এছাড়া বিদ্যালয়টিতে টুল, টেবিল, চেয়ার ও ছাত্রসংখ্যা অনুযায়ী স্থান সংকুলানের অভাব রয়েছে।

এ সম্পর্কে বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানিয়েছেন, শিক্ষকের অভাবে সার্বক্ষণিকভাবে বিরাজমান নাজুক পরিস্থিতির মোকাবেলা করতে হচ্ছে। ঠিকমত লেখা পড়া না হওয়ার কারণে ছাত্রদের মধ্যে চাপা উত্তেজনা বৃদ্ধি পাচ্ছে। এ পরিস্থিতির কথা উর্ধতন কর্তৃপক্ষকে বার বার জানানোর পরেও কোন পদক্ষেপ নেয়া হয়নি বলে তিনি জানান।